

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০১.০১১.০০.০০.০৬৭.২০১৫ / ১২৪৩

তারিখ : ১০ / ০৮ / ২০১৬ খ্রিঃ।

বিষয় : মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) জমাদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৪/৫/২০১৬ খ্রিঃ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের ইকনোমিষ্ট-এর ১টি শূন্য পদে সরাসরি পন্থায় নিয়োগের লক্ষ্যে অনলাইন-এ দরখাস্ত আহবান করা হয়।

২। বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থী কমিশনের বিপিএসসি ফরম-৫ পূরণ করে রেজিস্ট্রিভুক্ত হয়েছেন ঐ সকল প্রার্থী কর্তৃক বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, অভিজ্ঞতার সনদপত্র ও নম্বরপত্রের (গ্রেড/শ্রেণী নির্ধারণের ক্ষেত্রে) সত্যায়িত কপি, সংশ্লিষ্ট প্রার্থীর তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ২৩/০৮/২০১৬ ও ২৪/০৮/২০১৬ তারিখ প্রতি কর্মদিবসে সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭-এর ইউনিট-১ এ হাতে হাতে জমা দেওয়া যাবে অথবা ডাকযোগে (রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে) প্রেরণ করা যাবে। বিপিএসসি ফরম-৩, হাতে হাতে জমাদানকালে প্রার্থীদের সংশ্লিষ্ট পদে রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-৩) ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে (অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে পৌছাতে হবে, অন্যথায় তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে) পরিচালক (ইউনিট-১), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বরাবর প্রেরণ করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্র প্রার্থী হাতে হাতে/ডাকযোগে জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবেন না অর্থাৎ তার প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), (যুগ্ম-সচিব)